# আজ বঙ্গভবনে যাবেন নবনির্বাচিত রাষ্ট্রপতি মির্জা ফখরুল ইসলাম



রাষ্ট্রপতি মির্জা ফখরুল ইসলাম। ছবি::সংগৃহীত

নির্বাচিত হওয়ার পর প্রথমবারের মতো আজ রোববার (২৩ আগস্ট) বঙ্গভবনে যাচ্ছেন দেশের ২৩তম রাষ্ট্রপতি মির্জা ফখরুল ইসলাম আলমগীর। সেখানে রাষ্ট্রীয় আনুষ্ঠানিকতার অংশ হিসেবে তাকে গার্ড অব অনার দেওয়া হবে।

সংশ্লিষ্ট সূত্র জানিয়েছে, সকাল ১১টার দিকে রাজধানীর মিন্টো রোডের বাসভবন থেকে বঙ্গভবনের উদ্দেশে রওনা হওয়ার কথা রয়েছে রাষ্ট্রপতির। বঙ্গভবনে পৌঁছানোর পর প্রেসিডেন্ট গার্ড রেজিমেন্টের সদস্যরা তাকে আনুষ্ঠানিকভাবে অভ্যর্থনা জানাবেন।

গত ২০ আগস্ট জাতীয় সংসদে অনুষ্ঠিত রাষ্ট্রপতি নির্বাচনে সরাসরি ভোটে নির্বাচিত হন মির্জা ফখরুল ইসলাম আলমগীর। ভোটগ্রহণ শেষে তাকে দেশের ২৩তম রাষ্ট্রপতি হিসেবে নির্বাচিত ঘোষণা করেন প্রধান নির্বাচন কমিশনার এ এম এম নাসির উদ্দিন। প্রায় ৩৫ বছর পর জাতীয় সংসদে সরাসরি ভোটের মাধ্যমে রাষ্ট্রপতি নির্বাচনের ঘটনা ঘটল।

এর আগে শনিবার রাষ্ট্রপতি নির্বাচিত হওয়ার পর প্রথম কর্মসূচি হিসেবে সাভারের জাতীয় স্মৃতিসৌধে যান মির্জা ফখরুল। সেখানে মহান মুক্তিযুদ্ধের শহীদদের স্মরণে শ্রদ্ধা নিবেদন করেন তিনি। পুষ্পস্তবক অর্পণের পর কিছুক্ষণ নীরবে দাঁড়িয়ে শহীদদের প্রতি শ্রদ্ধা জানান।

LENS ASIA

স্মৃতিসৌধে রাষ্ট্রপতিকে তিন বাহিনীর একটি চৌকস দল গার্ড অব অনার দেয়। পরে পরিদর্শন বইয়ে নিজের অনুভূতি লিখে স্বাক্ষর করেন তিনি।

রাষ্ট্রপতির এই সফরকে ঘিরে জাতীয় স্মৃতিসৌধ ও আশপাশের এলাকায় নিরাপত্তা জোরদার করা হয়েছিল।